

স্কুল ছাত্রীকে উত্যক্ত করাকে কেন্দ্র করে ইসলামপুরে সংঘর্ষ, আহত ৪০

ইসলামপুর, প্রতিনিধি : স্কুল ছাত্রীকে উত্যক্ত করাকে কেন্দ্র করে ইসলামপুর উপজেলার রৌহারকান্দা গ্রামে শুক্রবার সকালে দুপক্ষের সংঘর্ষে ১৫ মহিলাসহ উভয় পক্ষের ৪০ জন আহত হয়েছে। গুরুতর আহত অবস্থায় বীনা বেগম, মিনা বেগম, জুলেখা, রাবেয়া, ছালেহা, তানজিলা, সায়জান, রহিমা, জমেলী, হেলেনা, আফিলা, মুসলিমা, মিছিরন, মিলন, রেজাউল, বাদল, আঃ মান্না, আঃ খালেক, রনি, আলম, কাশেম, তোতা সেখ, মঞ্জু, আপেল ও আল-আমীনকে স্থানীয় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

জানা গেছে, রৌহারকান্দা গ্রামের মশিউজ্জামানের মেয়ে নবম শ্রেণীর ছাত্রী ফরিদা আক্তার (১৪)কে একই গ্রামের বখাটে মুকুল দীর্ঘদিন ধরে উত্যক্ত করে আসছিল। ফরিদার পরিবার এ ব্যাপারে মুকুলের অভিভাবকসহ এলাকাবাসীর কাছে একাধিকবার বিচার প্রার্থী হয়েও কোনো ফল পায়নি। ফরিদা ও তার পরিবারের অভিযোগ, শুক্রবার সকালে বখাটে মুকুল তার ছয় বন্ধুকে নিয়ে ফরিদাদের বাড়ি গিয়ে তাকে বিয়ের প্রস্তাব দেয়। এতে রাজি না হলে তাকে অপহরণের হুমকি দেয়। এ সময় ফরিদার ভাই মিলন প্রতিবাদ করলে বখাটে যুবকরা মিলনকে বেধড়ক মারধর করে। এক পর্যায়ে উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ বাধে।